

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির অক্টোবর/২১ সভার কার্যবিবরণী

সভাপতি :- জনাব মোছাঃ সাকিলা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

সভার স্থান :- মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

সভার তারিখ ও সময়:- ১১/১০/২০২১ খ্রিঃ, বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :

| | সভাপতি | স্বাক্ষরিত |
|--|------------|------------|
| 1। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | |
| 2। চেয়ারম্যান, ১ নং কামদিয়া ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| 3। চেয়ারম্যান, ১২ নং গুমানীগঞ্জ ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| 4। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ | সদস্য | স্বাক্ষরিত |
| 5। উপজেলা শিক্ষা অফিসার | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে পর্যায়ক্রমে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। এর পরিশ্রেক্ষিতে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপিত হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

আলোচনা : উপজেলা শিক্ষা অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণী অনুমোদন বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীর উপর কারও কোন আপত্তি না থাকায় কোনরূপ সংশোধনী ব্যতিরেকেই তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

২। প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন।

আলোচনা : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে প্রতিটি বিদ্যালয়ে বিদ্যমান এস এম সি কমিটির ৩ সদস্যের কমিটি গঠনের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। প্রধান শিক্ষক ও এস এম সি সদস্যদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে প্রতিটি বিদ্যালয়ে বিদ্যমান এস এম সি ও পিটিএ কমিটির সকলকে সমপূক্ত করে বিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করে উপজেলার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা এবং প্রতিটি বিদ্যালয়ে সঠিক ভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনা ও শিক্ষকগণের যথাসময়ে উপস্থিত নিশ্চিত করার বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ সাকিলা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি,

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

বিতরণঃ-

- উপজেলা চেয়ারম্যান
- উপজেলা নির্বাহী অফিসার
- কমিটির সদস্য
- অফিস ফাইল/নথি



উপজেলা শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।